৫৬ পাতা

৯৬ টি খবর

পাক্ষিক

লবণহ্রদ সংবাদ

১৬ ফেব্রুয়ারি ২০১১ বুধবার

# কর্মসংস্থানের জন্য প্রস্তুত করবে গ্লোবসিন স্কিলস

**নিজস্ব প্রতিনিধি ঃ** কলকাতার বিখ্যাত ট্রেনিং এবং শিক্ষাদান কেন্দ্র গ্লোবসিন গ্রুপ ১৯ জানুয়ারি কলকাতার গ্র্যান্ড হোটেলে দেশের প্রথম সারির সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে গঠিত সংস্থা ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের (এন এস ডি সি) সাথে যৌথ উদ্যোগে আগামী ১০ বছরে ৩.৫২ লক্ষ যুবক যুবতীকে বিভিন্ন পেশায় কর্মসংস্থানের জন্য উপযোগী করে তোলার লক্ষ্য নিয়ে গ্লোবসিন স্কিলস নামে এক নতুন কোম্পানি স্থাপনের জন্য চুক্তিবদ্ধ হয়। যৌথ উদ্যোগে গঠিত গ্লোবসিন স্কিলস পশ্চিমবঙ্গে পাঁচটি শিক্ষাদান কেন্দ্র স্থাপন করে স্কুলের উঁচু ক্লাস পাশ করা এবং স্নাতক ছাত্রছাত্রীদের মূলত ইলেকট্রনিক্স, তথ্যপ্রযুক্তি, অটোমোবাইল, হেল্থ কেয়ার, ট্রাভেল ট্যুরিজম, হোটেল পরিষেবা, মিডিয়া ইত্যাদি নানা পেশায় প্রবেশের জন্য ট্রেনিং দেবে। এই প্রোজেক্টের মোট খরচ আনুমানিক প্রায় ১২.৫১ কোটি টাকা। এদিন গ্র্যান্ড হোটেলে আয়োজিত এক যৌথ সাংবাদিক সম্মেলনে গ্লোবসিন গ্রুপের চেয়ারম্যান বিক্রম দাশগুপ্ত বলেন, আমরা বিগত ১৪ বছর ধরে পূর্বভারতের প্রথম সারির পেশাগত ট্রেনিং সেন্টার। এই নতুন কোম্পানি স্থাপনের মাধ্যমে আমরা পেশার ক্ষেত্রে অনুপযুক্ত এবং অর্ধ উপযুক্ত যুবক যুবতীদের কর্মজীবনে প্রবেশের উপযোগী করে তুলব। তাছাড়া যাদের যোগ্যতা আছে তাদের যোগ্যতামানকে আরও বর্ধিত করব। আসলে কলেজের শিক্ষাক্রমের সাথে কর্মজীবনের চাহিদাগুলির বিস্তর ফারাক থাকে। আমরা ট্রেনিং-এর মাধ্যমে সেই ফারাক দূর করব। বাস্তবিকপক্ষে পেশাগত জীবনে প্রবেশের জন্য সাধারণ শিক্ষাক্রম অনুপযুক্ত। এন এস ডি সি'র ম্যানেজিং ডিরেক্টর দিলীপ চিনয় বলেন, কলকাতার কোন কোম্পানির সাথে এটাই আমাদের প্রথম যৌথ উদ্যোগ। এর মাধ্যমে আমরা পূর্বভারতে পৌঁছাতে পেরে খুশি। এই ব্যাপক আকারে সর্বাঙ্গীন ট্রেনিং আজকের দিনের উন্নয়নশীল অর্থনীতিতে অত্যন্ত জরুরি।